

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
মেহেরপুর সদর, মেহেরপুর।



স্মারক নং: ১২.০২.০০০০/সি.৬৭.৩৪.২২-১৫৯

তারিখ: ০২/০৩/২০২২ খ্রিঃ

সভার বিজ্ঞপ্তি

আগামী ০৩/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ বৃহ:পতিবার বেলা ৩.০০ ঘটিকার সময় জনাব মো: মমিনুল ইসলাম, ডাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর মহোদয়ের অফিস কক্ষে তাঁর সভাপতিত্বে "কৃষি ও সেচ" সংক্রান্ত স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য বিষয়:

- ১) কৃষি বিষয়ক বিভিন্ন কর্মকান্ড নিয়ে আলোচনা।
- ২) বিবিধ

প্রাপক:

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:-

- ১) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ২) উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।
- ৩) অফিস কপি।

(মাসরিন পারভীন)

উপজেলা কৃষি অফিসার
মেহেরপুর সদর, মেহেরপুর।

মার্চ/২০২২ ইং মাসের কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি: জনাব মো: মমিনুল ইসলাম

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মেহেরপুর সদর
স্থানঃ ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : কক্ষ।

তারিখঃ ০৩/০৩/২০২২ ইং।

সময়ঃ বেলা ৩.০০ ঘটিকা।

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
০১.	মো: রবিউল ইসলাম	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা	স্বাক্ষরিত
০২.	মো: মাহাবুল ইসলাম	সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, মেহেরপুর ইউনিট	স্বাক্ষরিত
০৩.	দীপক কুমার সাহা	কৃষি সম্প্রসারণ অফিসার	স্বাক্ষরিত
০৪.	নাসরিন পারভীন	উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব	স্বাক্ষরিত
০৫.	আব্দুস সামাদ বাবলু বিশ্বাস	চেয়ারম্যান, পিরোজপুর ইউনিয়ন পরিষদ	স্বাক্ষরিত

ভাইস চেয়ারম্যান ও সভাপতি, কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি, মেহেরপুর সদর মহোদয়ের উপস্থিতিতে সভার কাজ শুরু হয়। শুরুতেই গত সভার সিদ্ধান্ত নিয়ে আলোচনা হয় এবং কোন সংশোধন না থাকায় দৃঢ়করণ করা হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং তাঁর অনুমতিক্রমে সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর এজেন্ডাভিত্তিক আলোচনা করেন।

উপজেলা কৃষি অফিসার, মেহেরপুর সদর সভায় জানান যে, মেহেরপুর সদর সবজি উৎপাদনে সমৃদ্ধ একটি উপজেলা। অত্র উপজেলার সবজি দেশের বিভিন্ন বড় বড় শহরে বিক্রয়ের জন্য যায়। এছাড়াও বর্তমানে মেহেরপুরের সবজি মালয়েশিয়া, সিংগাপুরসহ অন্যান্য দেশে রপ্তানি হচ্ছে।

মেহেরপুর সদর উপজেলায় ৪০০ জনের অধিক বালাইনাশক বিক্রয়তা রয়েছে। বিক্রয়তাগণের বালাইনাশকের নিরাপদ ব্যবহার সম্পর্কিত প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, তাহলে নিরাপদ সবজি উৎপাদন করা যেতে পারে। বিক্রয়তাগণের সীমিত বালাইনাশকের ব্যবহার, বালাইনাশকের অপেক্ষামান সময়, অধিক মাত্রায় বালাইনাশকের ব্যবহারের অপকারিতা ইত্যাদি বিষয়ক প্রশিক্ষণ দেয়া যেতে পারে। তাহলে, বালাইনাশক বিক্রয়তাগণ কৃষকদেরকে অর্থাৎ মাত্রায় বালাইনাশকের ব্যবহারের অপকারিতা, বালাইনাশকের ব্যবহার করলে কত সময় সেই ফসল ঝাওয়া বা বিক্রয় থেকে বিরত থাকতে পারবে এই বিষয়ে পরামর্শ দিতে পারবে।


বেশি মাত্রায় বালাইনাশক ব্যবহার করলে সবজি অনিরাপদ হয় যা স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। তাই নিরাপদ ফসল উৎপাদনের জন্য বালাইনাশক বিক্রয়তাসহ সকল স্টকহোল্ডার প্রশিক্ষণ খুবই প্রয়োজন। এরফলে দেশে-বিদেশে মেহেরপুরের উৎপাদিত সবজির সুনাম উত্তরোত্তর বৃদ্ধি পাবে।

সিদ্ধান্ত: সভায় বিস্তারিত আলোচনাতে উপস্থিত সকল সদস্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, নিম্নে বর্ণিত প্রকল্পসমূহ অত্র উপজেলার বালাইনাশক বিক্রয়তাগণের মাঝে এডিপি উন্নয়ন তহবিল হতে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ সাপেক্ষে বাস্তবায়ন করা যেতে পারে।

প্রকল্পসমূহঃ

১। নিরাপদ সবজি উৎপাদনের জন্য বালাইনাশক বিক্রয়তাসহ সকল স্টকহোল্ডার প্রশিক্ষণ কর্মসূচী।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মো: মমিনুল ইসলাম)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি
মেহেরপুর সদর উপজেলা পরিষদ।